

উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা এর আওতায় বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভার
কার্যবিবরণী :

সভাপতি	ঃ আইনুন নাহার বেনু, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
সহান	ঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, দৌলতখান এর অফিস কক্ষ।
তারিখঃ	ঃ ২৩-০৮-২০২১ খ্রিঃ সময়ঃ ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিলিষ্ট - 'ক'

দৌলতখান উপজেলা পরিষদের বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভার সভাপতি মহোদয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন উপজেলা পাল্লী উন্নয়ন কর্মকর্তা, দৌলতখান, ভোলা।	কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।	
দৌলতখান উপজেলার বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং	সভায় দৌলতখান উপজেলার বাজার মূল্য পর্যবেক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিভিন্ন সময়ে কিছু অসাধু ব্যবসায়ী পরিকল্পিতভাবে দ্রব্যমূল্য বাড়ানোর চেষ্টা করে থাকে। এ ধরণের অপচেষ্টা থেকে তাদেরকে বিরত রাখার বিষয়ে আলোচনা করা হয়।	মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি সার্কেলিক বাজার মূল্য পর্যবেক্ষণ করবে। প্রয়োজনে দৌলতখান ব্যবসায়ী সমিতির সভাপতিকে সাথে নিজে বাজার মূল্য মনিটরিং করা হবে। এ বিষয়ে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে সার্কেলিক উপজেলা পরিষদকে অবহিত করা হবে।	সদস্যবৃন্দ
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং সভার তারিখ নির্ধারণ	সভায় বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং বিষয়ক উপজেলা কমিটির সভার তারিখ নির্দিষ্ট করণে আলোচনা করা হয়।	ফেব্রুয়ারি, এপ্রিল, জুন, আগস্ট, অক্টোবর ও ডিসেম্বর মাসের ১২ তারিখে উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং বিষয়ক উপজেলা কমিটির সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত তারিখে তারিখে সাপ্তাহিক ছুটি বা সরকার ঘোষিত ছুটির দিন হলে ছুটি পরবর্তী দিনে সভা অনুষ্ঠিত হবে।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সম্পত্তি ঘোষণা করেন।

চৈত্র
2৩/৮/২০২১
(আইনুন নাহার বেনু)
সভাপতি

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
দৌলতখান, ভোলা।